# পাঁচ বছরে ২৫ কোটি গাছ রোপণের লক্ষ্য সরকারের: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামী পাঁচ বছরের মধ্যে দেশের বিভিন্ন অঞ্চলে মোট ২৫ কোটি গাছ রোপণের পরিকল্পনার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, পরিবেশের ভারসাম্য রক্ষা ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় দেশে আরও বেশি গাছের প্রয়োজন রয়েছে। তবে শুধু গাছ লাগালেই দায়িত্ব শেষ নয়, সেগুলোর সঠিক পরিচর্যা ও সংরক্ষণও নিশ্চিত করতে হবে।

সোমবার (১৩ জুলাই) বরিশালের গৌরনদী উপজেলায় আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় দেশে খাল পুনঃখনন ও বৃক্ষরোপণ কর্মসূচি গুরুত্বের সঙ্গে বাস্তবায়িত হয়েছিল। বর্তমান সরকার সেই উদ্যোগকে নতুনভাবে এগিয়ে নিতে কাজ করছে।

তিনি আরও বলেন, আজ যে গাছ রোপণ করা হবে, ভবিষ্যতে সেগুলো পরিবেশ রক্ষার পাশাপাশি মানুষের জন্য বিশুদ্ধ বাতাস ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করবে। তাই দেশের প্রতিটি এলাকায় পরিকল্পিতভাবে বৃক্ষরোপণ এবং নিয়মিত পরিচর্যার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

এর আগে একদিনের সফরে সকালে বরিশালে পৌঁছান প্রধানমন্ত্রী তারেক রহমান। রাজধানীর গুলশানের বাসভবন থেকে সড়কপথে যাত্রা করে তিনি সকাল ১০টার দিকে গৌরনদীতে পৌঁছান।

সফরসূচির অংশ হিসেবে গৌরনদীর সরিকল খাল এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন তিনি। এছাড়া বরিশাল জেলা সদরের ত্রিশ গোডাউন বধ্যভূমি এলাকা এবং সাগরদী সংলগ্ন স্থানেও বৃক্ষরোপণ কার্যক্রমে অংশ নেওয়ার কথা রয়েছে।

বিকেলে বরিশাল শিল্পকলা একাডেমিতে বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় যোগ দেওয়ারও কথা রয়েছে প্রধানমন্ত্রীর।

সরকারপ্রধানের দায়িত্ব গ্রহণের পর এটি বরিশাল বিভাগে প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম আনুষ্ঠানিক সফর বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

LENS ASIA